

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.chapainawabganj.gov.bd

নম্বর-০৫.৪৩.৭০০০.০১২.০৭.০৬৮.২৩.১০৮৯

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১
২৫ আগস্ট ২০২৪

গণবিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, রাজনৈতিক-৪ শাখার ২৫ আগস্ট ২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৩০ নং প্রজ্ঞাপনের প্রেক্ষিতে বিগত ২০০৯ সালের ০৬ জানুয়ারি হতে ২০২৪ সালের ০৫ আগস্ট পর্যন্ত চাঁপাইনবাবগঞ্জ জেলা ম্যাজিস্ট্রেট থেকে ব্যক্তিগত নিরাপত্তার জন্য প্রদত্ত সকল আগ্নেয়াস্ত্রের লাইসেন্স (কর্মরত সামরিক-অসামরিক কর্মকর্তা ব্যতীত) স্থগিত করা হলো। স্থগিতকৃত লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদসমূহ আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে লাইসেন্স গ্রহীতার স্থায়ী ঠিকানার থানায় অথবা বর্তমান বসবাসের ঠিকানার নিকটস্থ থানায় লাইসেন্স গ্রহীতা নিজে/মনোনীত প্রতিনিধির মাধ্যমে জমা প্রদান করবেন। উক্ত তারিখের মধ্যে কোনো অস্ত্র/গোলাবারুদ থানায় জমা না দেওয়া হলে অবৈধ অস্ত্র হিসেবে গণ্য করে অস্ত্র আইনে মামলা হবে। ইতোমধ্যে যাদের আগ্নেয়াস্ত্র থানা, জেলা ডেপুটি ম্যাজিস্ট্রেট ও আর্মস ডিলারদের নিটক জমা রাখা আছে; তাদের ক্ষেত্রে অস্ত্র জমাদানের বিষয়টি প্রযোজ্য হবে না।

০২। এ আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে The Arms Act, 1878 (Act XI of 1878) এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


(এ কে এম গালিব খান)

জেলা ম্যাজিস্ট্রেট
চাঁপাইনবাবগঞ্জ

ফোন: ০২৫৮৮৮৯৩৩০০ (অফিস)

ফ্যাক্স: ০৭৮১-৫২৫৭৬

ইমেইল: dcchapainawabganj@mopa.gov.bd

নম্বর-০৫.৪৩.৭০০০.০১২.০৭.০৬৮.২৩.১০৮৯/১(৮৩)

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১
২৫ আগস্ট ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০৩। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট..... (সকল)
- ০৪। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ
- ০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ
- ০৬। কোম্পানী কমান্ডার, সিপিসি-১, র‌‌‌য়াব-৫, চাঁপাইনবাবগঞ্জ
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনবাবগঞ্জ (তাকে বিজ্ঞপ্তিটি মাইক যোগে উপজেলার সকল স্থানে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ০৮। জেলা তথ্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ। (তাকে বিজ্ঞপ্তিটি মাইক যোগে জেলার সকল উপজেলায় ব্যাপক প্রচারের জন্য বলা হলো)।
- ০৯। অফিসার ইন-চার্জ, ভোলাহাট/চাঁপাইনবাবগঞ্জ সদর/গোমস্তাপুর/নাচোল/শিবগঞ্জ থানা, চাঁপাইনবাবগঞ্জ। (নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ জমা প্রদানকারীগণের তালিকা আগামী ০৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে অত্র কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলো)।
- ১০। সহকারী প্রোগ্রামার, চাঁপাইনবাবগঞ্জ। (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হলো)।


জেলা ম্যাজিস্ট্রেট
চাঁপাইনবাবগঞ্জ